

রোবটিক্স ক্লাব অব ব্র্যাক ইউনিভার্সিটির উদ্যোগে জাতীয় পর্যায়ের 'জয়যাত্রা ৫০ টেকফেস্ট' অনুষ্ঠিত হতে যাচ্ছে। স্বাধীনতার ৫০ বছর উদযাপনকে সামনে রেখে প্রতিযোগিতাটি শুরু আগামী ১৮ মার্চ, চলবে ২৩ মার্চ পর্যন্ত। পুরো আয়োজনটি হবে অনলাইনে। সারা দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীরা এতে অংশ নিতে পারবেন। আয়োজকরা জানায়, আইডিয়া মুভমেন্ট (আইডিয়া কনটেস্ট), কোড প্লাটুন (প্রগ্রামিং কনটেস্ট), ওয়ার অব ব্রেনিয়াক্স (অ্যানালিটিক্যাল অলিম্পিয়াড) তিন ভাগে প্রতিযোগিতা হবে। তিনটি বিভাগেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন। তবে আইডিয়া মুভমেন্টে কলেজ শিক্ষার্থীরা অংশ নিতে পারবেন না।

রেজিস্ট্রেশন (<https://joyjatra.robust-lab.org/>) ও ইভেন্ট সম্পর্কে বিস্তারিত জানা যাবে রোবটিক্স ক্লাব অব ব্র্যাক ইউনিভার্সিটির ফেসবুক পেজ (<https://robust-lab.org/>) এবং ইভেন্ট ওয়েবপেজে। এতে মিডিয়া পার্টনার হিসেবে আছে কালের কণ্ঠ। অনুষ্ঠানটিতে সহায়তা করছে অ্যাকমে, কো-পাওয়ার্ড বাই-অপটিম্যাক্স কমিউনিকেশনস লিমিটেড।